প্রথম আলো

# ইউএপি পরিদর্শনে নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাইকমিশনার

স্বপ্ন নিয়ে ডেস্ক
প্রকাশ: ১৮ সেপ্টেম্বর ২০২১,



বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাইকমিশনার আলাদা দুটি দল নিয়ে ইউএপির ক্যাম্পাস পরিদর্শন করেনছবি: সংগৃহীত

ঢাকার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) আন্তর্জাতিকবিষয়ক কার্যালয়ের আমন্ত্রণে গত ১৪ সেপ্টেম্বর বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাইকমিশনার আলাদা দুটি দল নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানটির ক্যাম্পাস পরিদর্শন করেন। এ সময়ে নিজ নিজ দলকে নেতৃত্ব দেন ঢাকায় নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র ও মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির।

অনুষ্ঠানের শুরুতে এক সভায় নেপাল ও মালদ্বীপের বিশ্ববিদ্যালয়গুলোতে ইউএপির শিক্ষার্থীদের পড়াশোনার সুযোগ সৃষ্টি করা ও পারস্পরিক সম্পর্ক স্থায়ী করা বিষয়ে আলোচনা হয়। এ ছাড়া বিভিন্ন গবেষণা প্রকল্প, একাডেমিক প্রোগ্রাম এবং শিক্ষার্থী উন্নয়নে কীভাবে বিশ্ববিদ্যালয়গুলো এক হয়ে আন্তর্জাতিক মানের অনুষ্ঠান আয়োজন করতে পারে, কথা হয় সে বিষয়েও।

স্বাগত বক্তব্য রাখেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. সুলতান মাহমুদ। তিনি তাঁর বক্তব্যে দুই দেশের প্রতিনিধিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং তাঁদের সামনে ইউএপির অর্জনগুলো তুলে ধরেন। সভায় আরও বক্তব্য রাখেন ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য জনাব কে এম মজিবুল হক, স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন অধ্যাপক ড. মোহাম্মাদ মিজানুর রহমান। সমাপনী বক্তব্য রাখেন ট্রাস্টি বোর্ডের সিনিয়র ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মাদ শরিফুল ইসলাম। এ সময় বিশ্ববিদ্যালয়ের গবেষণার মান, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা, ইত্যাদি নিয়ে বিশেষ প্রতিবেদন উপস্থাপন করেন ইউএপির আন্তর্জাতিকবিষয়ক কার্যালয়ের পরিচালক ও ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ইসমাত জেরিন।

নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র তাঁর বক্তব্যে বলেন, ‘মানসম্মত শিক্ষা অর্জনে ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমরা কাজ করতে চাই, কারণ আমাদের দেশ, সংস্কৃতি ও ইতিহাস প্রায় একই ধরনের। সুতরাং, শিক্ষা ও প্রযুক্তিগত সাফল্যের বিনিময় নিশ্চিত করতে কাজ করাই হবে আমাদের মূল লক্ষ্য।’

মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির তাঁর বক্তব্যে বলেন, ‘ইউএপি সব সময় আমাদের কাছে বিশেষ একটি কিছু। বাংলাদেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমরা কাজ করছি এবং আশা করব ইউএপিও হবে তাদের মধ্যে অন্যতম। ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাডেমিক উৎকর্ষ সাধনে আমরা একসঙ্গে কাজ করতে ইচ্ছুক।’

অনুষ্ঠানের বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় প্রধানেরাও উপস্থিত ছিলেন। শেষে আমন্ত্রিত অতিথিদের হাতে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়। এ ছাড়া প্রতিনিধি দল দুটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, শ্রেণিকক্ষ, পরীক্ষাগার, কেন্দ্রীয় গ্রন্থাগার ও মিলনায়তন পরিদর্শন করেন।

shorturl.at/yMQW2

The Daily Star

# Ambassador of Nepal to Bangladesh and High Commissioner of Maldives to Bangladesh visit UAP on Invitation from OIA

Sun Sep 19, 2021 05:01 PM

On September 14, 2021, two teams from of the Embassy of Nepal and the High Commission of Maldives to Bangladesh headed by His Excellency Dr Banshidhar Mishra, Ambassador of Nepal to Bangladesh and Her Excellency Shiruzimath Sameer, the High Commissioner of Republic of Maldives to Bangladesh visited University of Asia Pacific (UAP) on invitation from the Office of International Affairs (OIA), UAP.

At the outset of their visit, a meeting was arranged to discuss the mutual interests, especially with regard to the possibilities of exchange of students between UAP and the universities of Nepal and Maldives. The need for undertaking collaborative research projects, faculty exchange, joint academic programs and events was also discussed in the meeting.

Prof. Dr Md. Sultan Mahmud, Acting Vice-Chancellor, UAP delivered the welcome speech at the meeting wherein he expressed his gratitude to the delegates and stressed the consequent outstanding achievements of UAP. The meeting was also addressed by Mr K. M. Mojibul Hoque, Member, Board of Trustees, Prof. Dr Muhammad Mizanur Rahaman, Dean, School of Engineering, UAP. Prof. Dr Mohammad Shariful Islam, Member, Senior Vice Chairman, Board of Trustees, UAP delivered the closing remarks. During the meeting, a brief overview of UAP was presented by Ms Ismat Zarin, Director, Office of International Affairs (OIA), and Assistant Professor, Department of English, UAP.

In his speech, His Excellency Dr Banshidhar Mishra, Ambassador of Nepal to the People's Republic of Bangladesh said, "In future, we hope to do various collaborations with this university to achieve quality education as we are very similar countries with respect to our territory, culture, and history. So, we will work together to ensure quality education and exchange of technological achievements."

Her Excellency Shiruzimath Sameer, the High Commissioner of the Republic of Maldives to Bangladesh said, "UAP is always very special to us. We are working with a few of the universities in Bangladesh and I hope UAP would be one of them. We will extend our support to work together in future to establish academic collaborations with this university."

The meeting was also graced with the presence of the honourable Deans and Heads of the departments. At the end of the program, two crests and some other souvenirs were presented to the Honorable Ambassador and delegates as a token of appreciation.

Later, the team of delegates visited at the departments and observed classrooms, laboratories, the central library, and the auditorium of UAP while honourable Deans and Chairpersons of all the Departments and respective representatives briefed the delegates about the resources, services and technology available at the university. The program was

organized and collaborated by the Office of International Affairs (OIA), UAP.

https://www.thedailystar.net/business/organisation-news/press-releases/news/ambassador-nepal-bangladesh-and-high-commissioner-maldives-bangladesh-visit-uap-invitation-oia-2179376

যুগান্তর

# ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক পরিদর্শনে নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাইকমিশনার

সংবাদ বিজ্ঞপ্তি

১৬ সেপ্টেম্বর ২০২১, ০৮:২২ পিএম | অনলাইন সংস্করণ



গত ১৪ সেপ্টেম্বর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) আন্তর্জাতিক বিষয়ক অফিসের আমন্ত্রণে বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাইকমিশনার তাদের পৃথক দুটি দল নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন। এ

সময়ে নিজ নিজ দলকে নেতৃত্ব দেন ঢাকায় নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র এবং মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির।

শুরুতে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয় যার উদ্দেশ্য ছিল ইউএপি এবং নেপাল ও মালদ্বীপের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শিক্ষার্থীর পড়াশুনার সুযোগ সৃষ্টি করা এবং পারস্পরিক সম্পর্ক স্থায়ী করা। এছাড়া সহযোগিতামূলক গবেষণা প্রকল্প, যৌথ একাডেমিক প্রোগ্রাম চালু এবং শিক্ষার্থী উন্নয়নে বিভিন্ন আন্তর্জাতিক মানের অনুষ্ঠান আয়োজন করা।

স্বাগত বক্তব্য রাখেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. সুলতান মাহমুদ। তিনি তার বক্তব্যে আগত উভয় দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার প্রতিনিধিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ইউএপির ফলপ্রসু অসামান্য অর্জনের উপর বক্তব্য রাখেন। সভায় আরও বক্তব্য রাখেন ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য কে এম মজিবুল হক, পুরকৌশল স্কুলের ডিন অধ্যাপক ড. মোহাম্মাদ মিজানুর রহমান। সমাপনী বক্তব্য রাখেন ট্রাস্টি বোর্ডের সিনিয়র ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মাদ শরিফুল ইসলাম। এ সময় বিশ্ববিদ্যালয়ের গবেষণার মান, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা এই সার্বিক বিষয়ের উপর বিশেষ প্রতিবেদন উপস্থাপন করেন ইউএপির আন্তর্জাতিক বিষয়ক অফিসের ডিরেক্টর এবং ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মিসেস ইসমাত জেরিন।

নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র তার বক্তব্যে বলেন, মানসম্মত শিক্ষা অর্জনে ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে আমরা কাজ করতে বদ্ধপরিকর কারণ আমাদের দেশ, সংস্কৃতি ও ইতিহাস প্রায় একই ধরণের। সুতরাং, মানসম্মত শিক্ষা ও প্রযুক্তিগত সাফল্যের বিনিময় নিশ্চিত করতে কাজ করাই হবে আমাদের মূল লক্ষ্য।

মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির তার বক্তব্যে বলেন, ইউএপি সবসময় আমাদের কাছে বিশেষ একটি কিছু। বাংলাদেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সাথে আমরা কাজ করছি এবং আশা করব ইউএপিও হবে তাদের মধ্যে অন্যতম। ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক উৎকর্ষ সাধনে আমরা একসাথে কাজ করতে ইচ্ছুক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন এবং বিভাগীয় প্রধান। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথির মাঝে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়।

পরবর্তীতে প্রতিনিধি দল দুটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, শ্রেণিকক্ষ, পরীক্ষাগার, কেন্দ্রীয় গ্রন্থাগার এবং অডিটোরিয়াম পরিদর্শন করে। অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা করে ইউএপির আন্তর্জাতিক বিষয়ক অফিস।

shorturl.at/oDEGW

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# ইউএপি পরিদর্শনে নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাই কমিশনার



ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) আন্তর্জাতিক বিষয়ক অফিসের আমন্ত্রণে বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ও মালদ্বীপের হাই কমিশনার তাদের পৃথক দুটি দল নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন।

এসময়ে নিজ নিজ দলকে নেতৃত্ব দেন ঢাকায় নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র এবং মালদ্বীপের হাই কমিশনার শিরুজিমাথ সামির।

অনুষ্ঠানের শুরুতে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয় যার উদ্দেশ্য ছিল ইউএপির এবং নেপাল ও মালদ্বীপের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শিক্ষার্থীর পড়াশুনার সুযোগ সৃষ্টি করা এবং পারস্পারিক সম্পর্কে স্থায়ী করা। এছাড়াও সহযোগিতামূলক গবেষণা প্রকল্প, যৌথ একাডেমিক প্রোগ্রাম চালু এবং শিক্ষার্থী উন্নয়নে বিভিন্ন আন্তর্জাতিক মানের অনুষ্ঠান আয়োজন করা।

স্বাগত বক্তব্য রাখেন, ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. সুলতান মাহমুদ। তিনি তার বক্তব্যে আগত উভয় দেশের রাষ্ট্রদূত ও হাই কমিশনার প্রতিনিধিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ইউএপির ফলপ্রসু অসামান্য অর্জনের উপর বক্তব্য রাখেন।

সভায় আরও বক্তব্য রাখেন, ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য কে এম মজিবুল হক, পুরকৌশল স্কুলের ডিন অধ্যাপক ড. মোহাম্মাদ মিজানুর রহমান। সমাপনী বক্তব্য রাখেন ট্রাস্টি বোর্ডের সিনিয়র ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মাদ শরিফুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের গবেষণার মান, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা এই সার্বিক বিষয়ের উপর বিশেষ প্রতিবেদন উপস্থাপন করেন ইউএপির আন্তর্জাতিক বিষয়ক অফিসের ডিরেক্টর এবং ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ইসমাত জেরিন।

নেপালের রাষ্ট্রদূত ড. বংশিধর মিশ্র তার বক্তব্যে বলেন, মানসম্মত শিক্ষা অর্জনে ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে আমরা কাজ করতে বদ্ধপরিকর। মানসম্মত শিক্ষা ও প্রযুুক্তিগত সাফল্যের বিনিময় নিশ্চিত করতে কাজ করাই হবে আমাদের মূল লক্ষ্য।

মালদ্বীপের হাই কমিশনার শিরুজিমাথ সামির তার বক্তব্যে বলেন, বাংলাদেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সাথে আমরা কাজ করছি এবং আশা করব ইউএপিও হবে তাদের মধ্যে অন্যতম। ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক উৎকর্ষ সাধনে আমরা একসাথে কাজ করতে ইচ্ছুক।

অনুষ্ঠানের অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন, অনুষদের ডিন এবং বিভাগীয় প্রধানরা। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথির মাঝে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়।

https://www.bd-pratidin.com/campus-online/2021/09/17/691966

bdnews24.com

# ইউএপি পরিদর্শনে নেপাল ও মালদ্বীপের দূত

নিজস্ব প্রতিবেদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

**Published:** 17 Sep 2021 02:08 PM BdST **Updated:** 17 Sep 2021 02:08 PM BdST



## বাংলাদেশে নেপালের রাষ্ট্রদূত বংশীধর মিশ্র এবং মালদ্বীপের হাই কমিশনার শিরুজিমাথ সামির ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ক্যাম্পাস পরিদর্শন করেছেন।

বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক বিষয়ক অফিসের আমন্ত্রণে তারা ক্যাম্পাস পরিদর্শন করেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে ইউএপি।

সেখানে বলা হয়, ইউএপি এবং নেপাল ও মালদ্বীপের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শিক্ষার্থী বিনিময় এবং পারস্পরিক সম্পর্ক স্থায়ী করার লক্ষ্যে এক আলোচনা সভায় অংশ নেন দুই অতিথি।

নেপালের রাষ্ট্রদূত বংশীধর মিশ্র বলেন, "মানসম্মত শিক্ষা অর্জনে ভবিষ্যতে এ বিশ্ববিদ্যালয়ের সাথে আমরা কাজ করতে বদ্ধপরিকর। কারণ আমাদের দেশ, সংস্কৃতি ও ইতিহাস প্রায় একই ধরনের। সুতরাং, মানসম্মত শিক্ষা ও প্রযুক্তিগত সাফল্যের বিনিময় নিশ্চিত করতে কাজ করাই হবে আমাদের মূল লক্ষ্য।"



বাংলাদেশের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সাথে মালদ্বীপ কাজ করছে জানিয়ে দেশটির হাই কমিশনার শিরুজিমাথ সামির বলেন, "ইউএপি সবসময় আমাদের কাছে বিশেষ কিছু। ভবিষ্যতে এ বিশ্ববিদ্যালয়ের সাথে অ্যাকাডেমিক উৎকর্ষ সাধনে আমরা একসাথে কাজ করতে আগ্রহী।"

সভায় বিশ্ববিদ্যালয়ের গবেষণার মান, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধার উপর বিশেষ প্রতিবেদন উপস্থাপন করেন ইউএপির আন্তর্জাতিক বিষয়ক অফিসের পরিচালক এবং ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ইসমাত জেরিন।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক সুলতান মাহমুদ, ট্রাস্টি বোর্ডের সিনিয়র ভাইস চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মাদ শরিফুল ইসলাম, ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য কে এম মজিবুল হক, পুরকৌশল স্কুলের ডিন অধ্যাপক মিজানুর রহমান অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বিভিন্ন অনুষদের ডিন এবং বিভাগীয় প্রধানরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে অতিথিরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, শ্রেণিকক্ষ, পরীক্ষাগার, কেন্দ্রীয় গ্রন্থাগার এবং অডিটোরিয়াম ঘুরে দেখেন।

https://bangla.bdnews24.com/campus/article1941730.bdnews

NEWAGE
THE OUTSPOKEN DAILY

# Nepal, Maldives envoys visit UAP

Staff Correspondent | Published: 00:37, Sep 17,2021



Officials of Nepal embassy, Maldives high commission and University of Asia Pacific pose for a photo after visiting the university campus in Dhaka recently. — Press release

Two teams from of the embassy of Nepal and the high commission of Maldives to Bangladesh headed by Nepal ambassador Banshidhar Mishra and Maldives high commissioner Shiruzimath Sameer visited University of Asia Pacific on invitation from the office of international affairs, University of Asia Pacific, said a press release on Thursday.

At the outset of their visit, a meeting was arranged to discuss the mutual interests, especially with regard to the possibilities of exchange of students between UAP and the universities of Nepal and Maldives.

The need for undertaking collaborative research projects, faculty exchange, joint academic programmes and events was also discussed in the meeting.

Acting vice-chancellor Professor Md Sultan Mahmud, board of trustees member KM Mojibul Hoque, school of engineering dean Professor Muhammad Mizanur Rahaman, Professor Mohammad Shariful Islam, and assistant professor Ms Ismat Zarin, among others, spoke at the event.

Later, the team of delegates visited at the departments and observed classrooms, laboratories, the central library, and the auditorium of UAP while honorable Deans and Chairpersons of the all the Departments and respective representatives briefed the delegates about the resources, services and technology available at the university.

https://www.newagebd.net/article/149329/nepal-maldives-envoys-visit-uap